ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

******

স-৩৯৫

আগরতলা,২৮ এপ্রিল, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

''চার মাসেও জুটলো না এইডস সচেতনতা দৌড়ের আর্থিক পুরস্কার,'' এই শিরোনামে গত ৪ এপ্রিল, ২০২৫ প্রতিবাদী কলম পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এ প্রসঙ্গে খোয়াই মুখ্য স্বাস্থ্য আধিকারিকের পক্ষ থেকে প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, রেড রান প্রতিযোগিতায় প্রথম স্থানাধিকারী, রানার্স-আপ এবং অন্যান্য সান্ত্বনা পুরস্কার সহ মোট ২৩ জন বিজয়ীর হাতে খোয়াই অতিরিক্ত জেলা শাসক ও সমাহর্তার উপস্থিতিতে সে দিনই ডেমো চেক তুলে দেওয়া হয়েছিল। যুববিষয়ক ও ক্রীড়া দপ্তর বিজয়ীদের ব্যাংক অ্যাকাউন্ট সহ বিশদ তালিকা ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটিতে মার্চ মাসের দ্বিতীয় সপ্তাহে পাঠিয়ে দেয়। পুরস্কারের অর্থ এবং অন্যান্য ব্যয় সম্পর্কিত অর্থ ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটি থেকে রিলিজের প্রক্রিয়া চলছে।

*****